

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৫০৭

১৩/ বিচার ও বিধান (کتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৯১. কুড়িয়ে পাওয়া বস্তু (লুকতা) প্রাপ্তির বিধান

بَابِ اللَّقَطَة

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا أَبُو بَكْرٍ الْحَنَفِيُّ، ح وَحَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ، قَالاَ حَدَّثَنَا الضَّحَّاكُ بْنُ عُثْمَانَ الْقُرَشِيُّ، حَدَّثَنِي سَالِمٌ أَبُو النَّصْرِ، عَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ، عَنْ زَيْدِ بْنِ خَالِدٍ الْجُهَنِيِّ، . أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم سُئِلَ عَنْ اللَّهُ عَلَيه وسلم سُئِلَ عَنْ اللَّهُ عَلَيه وَسلم سُئِلَ عَنْ اللَّهُ عَلَيه وَسلم سَئِلَ عَنْ اللَّهُ عَلَيه وَسلم سُئِلَ عَنْ اللَّهُ عَلَيه وَسلم سُئِلَ عَنْ اللَّهُ عَلَيه وَسلم سُئِلَ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَلَيه وَسلم سُئِلَ وَوَعَاءَهَا ثُمَّ كُلُهَا فَإِنْ جَاءَ صَاحِبُهَا فَأَدِهَا إِلَيْهِ " .

#### বাংলা

৩/২৫০৭। যায়েদ ইবনে খালিদ আল-জুহানী (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে হারানো বস্তু (লুকতা) সম্পর্কে জিজ্ঞেস করা হলো। তিনি বলেনঃ এক বছর পর্যন্ত তার ঘোষণা দিতে থাকো। যদি তার মালিক পাও, তবে তাকে তা ফেরত দাও। আর যদি তার মালিক না পাও তবে তার থলে এবং মুখ বাঁধার রিশি চিনে রাখো। তারপর তুমি তা ব্যবহার করো। এরপর যদি তার মালিক এসে যায়, তবে তাকে তা ফেরত দাও।

## **English**

It was narrated from Zaid bin Khalid Al-Juhani that the Messenger of Allah (ﷺ) was asked about lost property. :

He said: "Announce it for a year, then if someone describes it with its features, return it to him. If no one claims it, then remember the features of its leather bag and strap, and consume it (use it). Then if its owner comes along, give it to him."

## ফুটনোট



ইবনু মাজাহ, ২৫০৪, সহীহুল বুখারী ৯১, ২৩৭২, ২৪২৭, ২৪২৮, ২৪৩০, ২৪৩৬, ২৪৩৮, ৫২৯২, ৬১১২, মুসলিম ১৭২২, তিরমিয়ী ১৩৭২, ১৩৭৩, আবূ দাউদ ১৭০৪, ১৭০৬, ১৭০৭, আহমাদ ১৬৫৮৯, ১৬৫৯৮, ১৬৬০৭, ২১১৭৮, মুয়ান্তা মালেক ১৪৮২, ইরওয়া ১৫৬৪।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী দাহহাক বিন উসমান আল-কুরাশী সম্পর্কে আবুল কাসিম বিন বিশকাওয়াল বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীল হিসেবে গ্রহণযোগ্য নয়, তিনি সত্যবাদী। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৯২২, ১৩/২৩২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু খালিদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন